গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৭.১৯- ২৫২

তারিখ : ০৯ আশ্বিন ১৪২৭ ব:
২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রি:

বিষয় : ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৩য় সভা গত ০৯/০৯/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে Zoom ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৪/৯/২০২০

(মো: কামাল আতাহার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য (সিনিয়র সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. যুগ্ম সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০. যুগ্ম প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. প্রকল্প পরিচালক ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন'' শীর্ষক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০৯ সেপ্টেম্বর ২০২০ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | Zoom Application Platform. |
| সভায় উপস্থিতি | : | সভায় পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও উপসচিব (অগ্নি-১) সুরক্ষা সেবা বিভাগ সভায় অংশগ্রহণ করেন। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' ও 'ক্রয় পরিকল্পনা' অনুযায়ী প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম সম্পাদন করার নির্দেশনা প্রদান করেন। নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্ত না হলে ঈপ্সিত ফলাফল পাওয়া যায় না এবং প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পায় মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। অত:পর তিনি অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, আলোচ্য প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারি ২০১১ হতে জুন ২০২১ পর্যন্ত। প্রকল্পের ২য় সংশোধন একনেক কর্তৃক ৪১৯৩৭.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রকল্পের আওতায় ২১টি স্টেশন সংযুক্ত করে ৪৬টি ফায়ার স্টেশন নির্মাণের সংস্থান রয়েছে।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৪৬টি ফায়ার স্টেশনের মধ্যে পূর্ত কাজ সম্পন্ন করার পর ১৬টি ফায়ার স্টেশন চালু করা হয়েছে (১. খিলগাঁও-ঢাকা ২. ত্রিশাল-ময়মনসিংহ ৩. তজমুদ্দিন-ভোলা ৪. বোয়ালখালী-চট্টগ্রাম ৫. আড়াইহাজার-নারায়ণগঞ্জ ৬. তাড়াইল-কিশোরগঞ্জ ৭. দূর্গাপুর-রাজশাহী ৮. নগরকান্দা-ফরিদপুর ৯. কলমাকান্দা-নেত্রকোনা ১০. আলীকদম-বান্দরবান ১১. কাউখালী-রাঙ্গামাটি ১২. শিবগঞ্জ-বগুড়া ১৩. বীরগঞ্জ-দিনাজপুর ১৪. কর্ত্তিমারী (রৌমারী)-কুড়িগ্রাম ১৫. দিরাই-সুনামগঞ্জ ১৬. বিশ্বম্ভরপুর-সুনামগঞ্জ)। ১০টি ফায়ার স্টেশনের পূর্ত কাজ চলমান আছে (১. পলাশবাড়ি-গাইবান্ধা ২. সিংগাইর-মানিকগঞ্জ ৩. চৌগাছা-যশোর ৪. নিকলী স্থল কাম নদী-কিশোরগঞ্জ ৫. মোল্লাহাট-বাগেরহাট ৬. কাপাসিয়া-গাজীপুর ৭. ঘাটাইল-টাঙ্গাইল ৮. কল্যাণপুর-ঢাকা ৯. যশোর সেনানিবাস-যশোর ১০. টেকেরহাটপোর্ট স্থল কাম নদী (রাজৈর)-মাদারীপুর)। এছাড়াও ০৯টি জরাজীর্ণ ফায়ার স্টেশনের নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে (১. মুন্সিগঞ্জ সদর-মুন্সিগঞ্জ ২. মাগুরা সদর-মাগুরা, ৩. জামালপুর সদর-জামালপুর ৪. সরিষাবাড়ী-জামালপুর ৫. পটুয়াখালী সদর-পটুয়াখালী ৬. ফরিদপুর সদর-ফরিদপুর ৭. ঝিকরগাছা-যশোর ৮. যশোর সদর-যশোর ৯. গোপালগঞ্জ সদর-গোপালগঞ্জ)। ২টি ফায়ার স্টেশনের পূর্ত কাজের দরপত্র আহ্বান/মূল্যায়ন প্রক্রিয়াধীন (১. তালা-সাতক্ষীরা ২. ফরিদগঞ্জ-চাঁদপুর)। ৯টি জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন আছে (১. নলডাঙ্গা-নাটোর ২. ভাষানটেক-ঢাকা ৩. ভাঙ্গুরা-পাবনা ৪. বালাগঞ্জ-সিলেট ৫. নাঙ্গলকোট-কুমিল্লা ৬. সিলেট সদর-সিলেট ৭. বরিশাল সদর-বরিশাল ৮. দৌলতপুর-কুষ্টিয়া, ৯. পাইকগাছা-খুলনা)।

০৪। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স যে কোন দুর্যোগে প্রথম সাড়া প্রদানকারী জাতীয় প্রতিষ্ঠান। অগ্নি দুর্ঘটনা ছাড়াও ফায়ার সার্ভিস অধিদপ্তর রোড রেসকিউ, এ্যাম্বুলেন্স সার্ভিস, কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ, ডুবুরি কার্যক্রম, নৌ দুর্ঘটনা, ভবন ধস, পাহাড় ধস, বন্যা, লিফট দুর্ঘটনা ইত্যাদি কার্যক্রম

পরিচালনা করে থাকে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী প্রতি উপজেলায় ন্যূনতম ০১টি ফায়ার স্টেশন স্থাপনের কাজ বর্তমানে চলমান রয়েছে।

০৫। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি এ মর্মে জানতে চান যে, আলোচ্য প্রকল্পের সমুদয় ফায়ার স্টেশন সমাপ্তির ক্ষেত্রে কি পরিমাণ সময়ের প্রয়োজন হতে পারে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় স্টেশনের নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য যে ০৯টি স্টেশনের জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন আছে সেগুলো সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে অধিগ্রহণ সম্পন্ন করতে হবে না হলে প্রকল্প সমাপ্ত করা দুরূহ হবে। সভাপতি অবশিষ্ট ০৯টি জমি অধিগ্রহণ প্রক্রিয়া সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সহায়তায় সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

০৬। আইএমইডির প্রতিনিধি অভিমত প্রদান করেন যে, জমি অধিগ্রহণের জন্য প্রক্রিয়াধীন বিভিন্ন স্টেশনের জমি অধিগ্রহণের কাজ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে শেষ করা, প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রাখার জন্য প্রকল্প পরিচালক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিবিড় তদারকি করা, প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহনের inventory register এবং স্টক রেজিষ্টার সংরক্ষণ করা ও প্রকল্প সাইটে সাইট বুক সংরক্ষণ করা যেতে পারে। এবিষয়ে সকলে একমত পোষণ করেন।

০৭। প্রকল্প পরিচালক জানান যে, ডিপিপিতে ৪৬টি স্টেশনের মধ্যে ৩৭টি স্টেশনের জমি অধিগ্রহণ বাবদ ৩১৮১.৩৩ লক্ষ টাকার সংস্থান রয়েছে। ইতোমধ্যে ২৮টি জমি অধিগ্রহণ বাবদ ৭৩৯.৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং অবশিষ্ট আছে (৩১৮১.৩৩-৭৩৯.৬১) ২৪৪১.৭২ লক্ষ টাকা। ৩টি জমি বিনা মূল্যে পাওয়ায় (ঘাটাইল সেনানিবাস, যশোর সেনানিবাস ও কল্যাণপুর সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত) জমি অধিগ্রহণ খাতে (৯৯.০০ + ২০০.০০ + ৩০০.০০) ৫৯৯.০০ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। অপরদিকে অবশিষ্ট ৯টি জমি অধিগ্রহণ খাতে প্রতিটির আলাদা আলাদা ব্যয়ে ডিপিপি সংস্থান থেকে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে। তবে ডিপিপি সংস্থানের মধ্যেই অব্যয়িত ২৪৪১.৭২ টাকা থেকে নলডাঙ্গাসহ অবশিষ্ট স্টেশনের জমি অধিগ্রহণ খাতে অতিরিক্ত ব্যয় সমন্বয় করা হলে ডিপিপি সংস্থানকৃত ৩১৮১.৩৩ লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ থাকবে। জমি অধিগ্রহণ খাতে অতিরিক্ত ব্যয় আন্ত:অঙ্গ সমন্বয়কালে এ ব্যয় প্রতিফলন করা হবে। এ প্রসঙ্গে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের মতামত জানতে চাওয়া হলে উক্ত বিভাগের প্রতিনিধি অভিমত ব্যক্ত করে বলেন যে, এ বিষয়ে পরিকল্পনা কমিশনের মতামত/সম্মতি গ্রহণ করা যেতে পারে। পরিকল্পনা কমিশনের মতামত/সম্মতি গ্রহণ করার লক্ষ্যে প্রকল্পের বিস্তারিত তথ্যাদিসহ পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।

০৮। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৮.১) প্রস্তাবিত ''দেশের গুরুত্বপূর্ণ ২৫টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আওতায় নাটোর জেলার নলডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের জন্য প্রস্তাবিত জমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ ডিপিপি সংস্থানের চেয়ে অতিরিক্ত অর্থের বিষয়ে পরিকল্পনা কমিশনের মতামত/সম্মতি গ্রহণ করা;

(৮.২) জমি অধিগ্রহণের জন্য প্রক্রিয়াধীন ০৯টি স্টেশনের জমি অধিগ্রহণের কাজ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে শেষ করা, প্রয়োজনে অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগের সহযোগিতা নেয়া;

(৮.৩) প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' ও 'ক্রয় পরিকল্পনা' অনুযায়ী প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা;

(৮.৪) প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রাখার জন্য প্রকল্প পরিচালক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিবিড় তদারকি করা;

(৮.৫) প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহনের inventory register এবং স্টক রেজিষ্টার সংরক্ষণ করা;

(৮.৬) প্রকল্প সাইটে সাইট বুক সংরক্ষণ করা;

(৮.৭) চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করা;

(৮.৮) প্রকল্পের কাজের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা নিয়মিত আয়োজন করা।

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৭/২০

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।